

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৯০

১/ বিবিধ

আরবী

اطلبوا الحوائج بعزة الأنفس، فإن الأمور تجري بالمقادير
ضعيف

تمام في " فوائده " (2/62/1) : أخبرنا أبو زرعة محمد بن سعيد بن أحمد القرشي
يعرف بابن التمار: حدثنا علي بن عمرو بن عبد الله المخزومي: حدثنا معاوية بن
عبد الرحمن: حدثنا حريز بن عثمان: حدثنا عبد الله بن بسر المازني مرفوعا
به

قلت: وهذا سند ضعيف، من دون حريز لم أعرف أحدا منهم غير معاوية بن
عبد الرحمن، فقد أورده هكذا ابن أبي حاتم في " الجرح " (4/1/387) وقال
" روى عن عطاء، وعنه محمد بن إسحاق، سمعت أبي يقول ذلك، وسألته عنه فقال
ليس بمعروف

وأما ابن حبان فأورده في " الثقات " (7/468) على قاعدته المعروفة
والحديث أورده السيوطي في " الجامع " برواية تمام وابن عساكر عن عبد الله بن
بسر، ولم يتكلم عليه شارحه المناوي بشيء سوى أنه قال: " رمز لضعفه
ثم رأيت الحديث في " الأحاديث المختارة " للضياء (105/2) رواه من طريق تمام
وهذا مما يدل على تساهله في الاختيار، وقد مضى له أحاديث أخرى من هذا النوع
أقربها برقم (1319)

১৩৯০। আত্মাকে মর্যাদা দিয়ে (অর্থাৎ আত্মার মর্যাদাহানি না ঘটিয়ে) প্রয়োজনগুলো প্রার্থনা করো। কারণ সবকিছু চালিত হয় তাকদীরের দ্বারা।

হাদীসটি দুর্বল।

হাদীসটি তাম্মাম "আলফাওয়াইদ" গ্রন্থে (২/৬২/১) আবু যুর'য়াহ মুহাম্মাদ ইবনু সাঈদ ইবনে আহমাদ কুরাশী (প্রসিদ্ধ ইবনুত তাম্মার হিসেবে) হতে, তিনি আলী ইবনু আমর ইবনে আব্দিল্লাহ মাখযূমী হতে, তিনি মুয়াবিয়াহ ইবনু আব্দির রহমান হতে, তিনি হুরাইয ইবনু উসমান হতে, তিনি আবদুল্লাহ ইবনু বুসর মাযেনী হতে, মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। হুরায়েযের নিচের বর্ণনাকারীদের মধ্য থেকে মুয়াবিয়াহ ইবনু আবদির রহমান ছাড়া অন্য কাউকে আমি চিনি না। ইবনু আবী হাতিম হাদীসটিকে "আলজারহ" গ্রন্থে (৪/১/৩৮৭) এভাবেই উল্লেখ করে বলেছেনঃ আতা হতে বর্ণনা করা হয়েছে। আর তার থেকে মুহাম্মাদ ইবনু ইসহাক বর্ণনা করেন। আমি (ইবনু আবী হাতিম) আমার পিতাকে তা বলতে শুনেছি, আমি তাকে তার সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বলেনঃ তিনি পরিচিত নন।

আর ইবনু হিব্বান তাকে তার নিজস্ব নীতির ভিত্তিতে "আস-সিকাত" গ্রন্থে (৭/৪৬৮) উল্লেখ করেছেন।

হাদীসটিকে সুযুতী "আলজামেউস সাগীর" গ্রন্থে তাম্মাম এবং ইবনু আসাকিরের বর্ণনায় আবদুল্লাহ ইবনু বুসর হতে উল্লেখ করেছেন। আর তার ভাষ্যকার মানবী শুধুমাত্র দুর্বল হওয়ার আলামাত ব্যবহার করেছেন বলা ছাড়া আর কোন কিছু বলেননি।

অতঃপর আমি (আলবানী) হাদীসটিকে যিয়ার "আলআহাদীসুল মুখতারাহ" গ্রন্থে (২/১০৫) তাম্মামের সূত্রে পেয়েছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72269>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন